গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(প্রশাসন অধিশাখা)
১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০.
www.dife.gov.bd

**বিষয় : ২০২২-২৩ অর্থবছরের নভেম্বর ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মো: নাসির উদ্দিন আহমেদ, মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
সভার তারিখ : ২৯-১১-২০২২ খ্রিস্টাব্দ
সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা
স্থান : প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ (লেভেল-১৩)
উপস্থিতি : **পরিশিষ্ট-ক**

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর, আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাপূর্বক সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১। | গত সভার কার্য বিবরণী দৃঢ়ীকরণ | ২৭-১০-২০২২ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে জানতে চাওয়া হলে উপস্থিত সকলে কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে জানান। | ২৭-১০-২০২২ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে কারো কোন আপত্তি/সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) |
| ২। | আলোচ্য বিষয় অন্তর্ভুক্তি | সহকারী মহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা) বলেন যে, সভার কার্যপত্রের আলোচ্যসূচীতে নতুন কোন বিষয় অন্তর্ভূক্তির প্রস্তাব পাওয়া গেলে তা আলোচ্যসূচীতে অন্তর্ভুক্ত করা হবে। | পরবর্তি সভার কার্যপত্রের আলোচ্যসূচিতে নতুন কোন বিষয় অন্তর্ভুক্ত করতে চাইলে সংশ্লিষ্ট সকলকে সভা অনুষ্ঠানের অন্তত ০৩ (তিন) কার্যদিবস পূর্বে সভাপতি বরাবর সে বিষয়ে লিখিত প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল। | ১। উপমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (সকল) |
| ৩। | LIMA সংক্রান্ত কার্যক্রম | ক) সভাপতি বলেন, ১৪ জুলাই ২০২২ আইসিটি সেলের ৪৬ নং স্মারকমূলে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের লাইসেন্স, লে-আউট, নবায়ন, পরিদর্শন সংক্রান্ত সকল কার্যক্রম লিমার মাধ্যমে করার অফিস আদেশ করা সত্ত্বেও কোন কোন উপমহাপরিদর্শকের কার্যালয়ে অনলাইনে নতুন লাইসেন্স প্রদান/নবায়ন না করে ম্যানুয়ালি সম্পাদন করছেন যা সমীচীন নয়। এখন থেকে কোন কার্যালয় যদি ম্যানুয়ালি লাইসেন্স প্রদান করেন তা শৃঙ্খলা পরিপন্থী হিসেবে বিবেচিত হবে মর্মে সভাপতি পুনরায় সকলকে এ | ক) ১৪ জুলাই ২০২২ আইসিটি সেলের ৪৬ নং স্মারকমূলে ১৫ জুলাই ২০২২ তারিখ হতে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের লাইসেন্স, লে-আউট, নবায়ন, পরিদর্শন সংক্রান্ত সকল কার্যক্রম লিমার মাধ্যমে করার অফিস আদেশ করা সত্ত্বেও কোন কোন উপমহাপরিদর্শকের কার্যালয়ে অনলাইনে নতুন লাইসেন্স প্রদান/নবায়ন না করে ম্যানুয়ালি সম্পাদন করছেন। এখন থেকে কোন কার্যালয় যদি ম্যানুয়ালি লাইসেন্স প্রদান করেন তা শৃঙ্খলা পরিপন্থী হিসেবে বিবেচিত হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। উপমহাপরিদর্শক (সেইফটি)<br><br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br><br>৪। LIMA সাপোর্ট টিম |

চলমান পাতা- ০২

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | বিষয়ে অবহিত করেন।<br><br>খ) সভাপতি নতুন লাইসেন্স প্রদান/নবায়নকৃত লাইসেন্স সংক্রান্ত তথ্য সাধারণ শাখা বা লিমা যেখান থেকেই আসুক না কেন মাসিক প্রতিবেদনে যেন অনলাইনে (লিমার মাধ্যমে) লাইসেন্স প্রদান সংক্রান্ত তথ্য স্পষ্টভাবে উপস্থাপিত হয় সে বিষয়ে সাধারণ শাখা হতে মাঠ পর্যায়ের সকল কার্যালয়কে অবহিত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং লিমা হতে প্রাপ্ত তথ্য যেন সঠিকভাবে সভায় উপস্থাপিত হয় সে বিষয়ে সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন।<br><br>গ) সভাপতি মনিটরিং টিম সদস্যদের তাদের পরিদর্শন প্রতিবেদনে লাইসেন্স বিষয়ক সকল তথ্য উপাত্ত উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন এবং উপমহাপরিদর্শক (মনিটরিং এবং মূল্যায়ন শাখা) মহাপরিদর্শকের নজরে নিয়ে আসবেন মর্মে জানান। | খ) নতুন লাইসেন্স প্রদান/নবায়নকৃত লাইসেন্স সংক্রান্ত তথ্য সাধারণ শাখা বা লিমা যেখান থেকেই আসুক না কেন মাসিক প্রতিবেদনে যেন অনলাইনে (লিমার মাধ্যমে) লাইসেন্স প্রদান সংক্রান্ত তথ্য স্পষ্টভাবে উপস্থাপনের বিষয়ে সাধারণ শাখা হতে মাঠ পর্যায়ের সকল কার্যালয়কে অবহিত করতে হবে এবং লিমা হতে প্রাপ্ত তথ্য প্রতিটি সভায় সঠিকভাবে উপস্থাপন করতে হবে।<br><br>গ) প্রধান কার্যালয়ের মনিটরিং টিমের সদস্যগণ তাদের পরিদর্শন প্রতিবেদনে লাইসেন্স বিষয়ক সকল তথ্য-উপাত্ত উপস্থাপন করবেন এবং উপমহাপরিদর্শক (মনিটরিং এবং মূল্যায়ন শাখা) তা মহাপরিদর্শক মহোদয়ের নজরে আনবেন। | |
| ৫। | হেল্পলাইন (১৬৩৫৭)-এ প্রাপ্ত অভিযোগসমূহ নিষ্পত্তি | ক) সভাপতি বলেন, লিমাসহ সকল যোগাযোগ মাধ্যমে একই ধরণের অভিযোগ ফরম ব্যবহারের লক্ষ্যে অভিযোগ সংক্রান্ত যে ফরমটি টেকনোভিস্তাকে প্রেরণ করা হয়েছে সে বিষয়ে উপমহাপরিদর্শক (সাধারণ শাখা) ফলোআপ করে তার অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।<br><br>খ) সভাপতি হেল্পলাইনে কল করার সময় "আমাদের হেল্পলাইন (১৬৩৫৭)-এ সপ্তাহে শুধুমাত্র শুক্রবার ব্যতীত প্রতিদিন সকাল ৮.০০ টা থেকে রাত ৮.০০ টা পর্যন্ত খোলা থাকে" কথাটি সংশোধনপূর্বক 24×7 (শুক্রবার দিনটি সংযোজন) করার নির্দেশনা প্রদান করেন এবং সাধারণ শাখা হতে সমগ্র বাংলাদেশের পরিদর্শকগণকে By rotation দায়িত্ব বণ্টনপূর্বক roaster করার নিমিত্ত অফিস আদেশ | ক) লিমাসহ সকল যোগাযোগ মাধ্যমে একই ধরণের অভিযোগ ফরম ব্যবহারের লক্ষ্যে অভিযোগ সংক্রান্ত চূড়ান্ত যে ফরমটি টেকনোভিস্তাকে প্রেরণ করা হয়েছে সে বিষয়ে উপমহাপরিদর্শক (সাধারণ শাখা) ফলোআপ করে তার অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করবেন।<br><br>খ) হেল্পলাইনে কল করার সময় **"আমাদের হেল্পলাইন (১৬৩৫৭)-এ সপ্তাহে শুধুমাত্র শুক্রবার ব্যতীত প্রতিদিন সকাল ৮.০০ টা থেকে রাত ৮.০০ টা পর্যন্ত খোলা থাকে"** কথাটি সংশোধনপূর্বক 24×7 (শুক্রবার দিনটি সংযোজন) করতে হবে এবং সাধারণ শাখা হতে সমগ্র বাংলাদেশের পরিদর্শকগণকে By rotation দায়িত্ব বণ্টনপূর্বক roaster করার নিমিত্ত অফিস আদেশ করতে হবে। | **১। অতিরিক্ত মহাপরিদর্শক**<br>**২। যুগ্মমহাপরিদর্শক (সকল)**<br><br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br><br>৪। আইসিটি সেল |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | করার নির্দেশনা প্রদান করেন।<br><br>গ) উপমহাপরিদর্শক সাধারণ শাখা বলেন, শ্রমিক কর্তৃক প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে উপমহাপরিদর্শকের কার্যালয় কর্তৃক শুধু নিষ্পন্ন লেখা থাকলেই হবে না। কিভাবে নিষ্পন্ন হয়েছে তার পূর্ণাঙ্গ তথ্য থাকতে হবে।<br><br>ঘ) সভাপতি হেল্পলাইনের সমন্বয়ক উপমহাপরিদর্শক সাধারণ শাখা-কে অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদির বিস্তারিত তথ্য এবং অগ্রগতি প্রতিবেদন আগামী সভায় দাখিল করার নির্দেশনা প্রদান করেন। | গ) উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণ করতে হবে এবং প্রধান কার্যালয়ে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে। অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে অভিযোগটি যে প্রক্রিয়ায় নিষ্পত্তি হয়েছে তার বিস্তারিত উল্লেখ করতে হবে। অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে যথাযথ পন্থা অবলম্বন না করলে সংশ্লিষ্ট কার্যালয়কে উপমহাপরিদর্শক (সাধারো শাখা) অসম্পূর্ণ তথ্য প্রদানের বিষয়টি অবহিতপূর্বক পত্র দিবেন।<br><br>ঘ) হেল্পলাইনের সমন্বয়ক উপমহাপরিদর্শক সাধারণ শাখা-কে অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদির বিস্তারিত তথ্য এবং অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | |
| ৬। | শিশুশ্রম নিরসন | ক) সভাপতি শিশুশ্রম নিরসন সংক্রান্ত তথ্য উপাত্ত পর্যালোচনা করে বলেন, স্বাস্থ্য শাখা হতে প্রাপ্ত শ্রম হতে নিসরনকৃত শিশুর সংখ্যাগত তথ্য **(মোবাইল নাম্বারসহ অন্যান্য সকল তথ্য)** অনুযায়ী যেসকল কার্যালয় লক্ষ্যমাত্রা থেকে পিছিয়ে রয়েছে সেসকল কার্যালয়কে দ্বিতীয়বারের মতো লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে অনুরোধ করেন। অক্টোবর পর্যন্ত যেসকল কার্যালয় সমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী শিশুশ্রম নিসরন করেতে পারেনি তাদেরকে আগামী সবার পূর্বে লক্ষ্যমাত্রার থেকে পিছিয়ে থাকলে ব্যাখ্যা প্রদান করা হবে মর্মে জানান।<br><br>খ) সভাপতি বলেন, ইতোমধ্যে দুটি Action Plan গ্রহণ করা হলেও কেরানীগঞ্জ উপজেলা হতে কাঙ্ক্ষিত মাত্রায় শিশু শ্রম নিরসন করা সম্ভব হয়নি।<br><br>মহাপরিদর্শক মহোদয় কেরানীগঞ্জের আগানগর ইউনিয়নের জরিপদকৃত শিশু শ্রমিকের তালিকা সংগ্রহপূর্বক তাকে ভিত্তি ধরে পরিদর্শক পদায়ন করা হবে | ক) শিশুশ্রম নিরসন সংক্রান্ত তথ্য উপাত্ত পর্যালোচনা করে বলেন, স্বাস্থ্য শাখা হতে প্রাপ্ত শ্রম হতে নিসরনকৃত শিশুর সংখ্যাগত তথ্য **(মোবাইল নাম্বারসহ অন্যান্য সকল তথ্য)** অনুযায়ী যেসকল কার্যালয় লক্ষ্যমাত্রা থেকে পিছিয়ে রয়েছে সেসকল কার্যালয়কে দ্বিতীয়বারের মতো লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে অনুরোধ করা হ'ল।<br><br>খ) অক্টোবর পর্যন্ত যেসকল কার্যালয় সমূহ লক্ষ্যমাত্রা অনুযায়ী শিশুশ্রম নিসরন করেতে পারেনি তাদেরকে আগামী সভার পূর্বে লক্ষ্যমাত্রার থেকে পিছিয়ে থাকলে ব্যাখ্যা প্রদান করতে হবে।<br><br>গ) কেরানীগঞ্জের আগানগর ইউনিয়নের জরিপদকৃত শিশু শ্রমিকের তালিকা সংগ্রহপূর্বক তাকে ভিত্তি ধরে পরিদর্শক পদায়ন করা হবে। প্রয়োজনে সমগ্র বাংলাদেশ থেকে পরিদর্শক নিয়ে এসে উল্লিখিত এলাকায় পদায়ন করতে হবে। আগামী সভার পূর্বেই মহাপরিদর্শক মহোদয়ের সাথে যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য), উপমহাপরিদর্শক (ঢাকা) | ১। যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br><br>২। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br><br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br><br>৪। পরিকল্পনা ও উন্নয়ন সেলের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ<br><br>৫। উপমহাপরিদর্শক (ঢাকা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | মর্মে জানান। প্রয়োজনে সারা বাংলাদেশ থেকে পরিদর্শক নিয়ে এসে উল্লিখিত এলাকায় পদায়ন করা হবে মর্মে জানান। মহাপরিদর্শক মহোদয়ের সাথে যুগ্মমহাপরিদর্শক (স্বাস্থ্য), উপমহাপরিদর্শক (ঢাকা) আলোচনা করে কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক পরিদর্শক পদায়নের মাধ্যমে কার্যক্রম শুরু করার নির্দেশনা প্রদান করেন। উপমহাপরিদর্শক (ঢাকা) Tower base তথ্য প্রদান করবেন মর্মে সভাকে অবহিত করেন।<br><br>গ) সভায় ফরিদপুর জেলায় শিশু শ্রম নেই মর্মে উপমহাপরিদর্শক, ফরিদপুর জানালে সভাপতি তা সরেজমিনে যাচাই করার জন্য প্রধান কার্যালয়ের তিনজন কর্মকর্তাকে পুনরায় ফরিদপুর গমনের নির্দেশনা প্রদান করেন। | আলোচনা করে কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক পরিদর্শক পদায়নের মাধ্যমে কার্যক্রম শুরু করবেন। উপমহাপরিদর্শক (ঢাকা), কেরানীগঞ্জের বর্ণিত ইউনিয়নের Tower base তথ্য প্রদান করবেন।<br><br>গ) ফরিদপুর জেলায় শিশু শ্রম নেই মর্মে উপমহাপরিদর্শক, ফরিদপুর উত্থাপিত দাবীর সত্যতা সরেজমিনে যাচাই করার জন্য প্রধান কার্যালয়ের যুগ্ম-মহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা), উপমহাপরিদর্শক (স্বাস্থ্য উপশাখা) এবং সহকারী মহাপরিদর্শক (প্রশাসন উপশাখা) ফরিদপুর অধিক্ষেত্রাধীন এলাকায় পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে। | |
| ৭। | APA এর লক্ষ্যমাত্রা অর্জন | ক) সভাপতি ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে নির্ধারিত সকল সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ নিশ্চিত করার বিষয়ে জড়ালো নির্দেশনা প্রদান করেন। একইসাথে আগামী সভার মধ্যে যেসকল কার্যালয় এপিএ লক্ষ্যমাত্রা অর্জনে পিছিয়ে আছে তাদেরকে লক্ষ্যমাত্রা অর্জনে করতে না পারলে ব্যাখ্যা প্রদান করা হবে মর্মে জানান।<br><br>খ) সভাপতি দুর্ঘটনায় আহত শ্রমিকের আইনগত ক্ষতিপূরণ আদায়ের লক্ষ্যমাত্রা এপিএ-তে ৮০% হলেও কার্যালয়সমূহ হতে প্রাপ্ত তথ্যমতে তা ৫৭% অর্জিত হওয়ায় এই হার বৃদ্ধির জন্য কার্যালয়সমূহকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন এবং কার্যালয়ভিত্তিক তথ্য সংযুক্তি আকারে সভায় উপস্থাপনের নির্দেশনা দেন। | ক) আগামী সভার মধ্যে যেসকল কার্যালয় এপিএ লক্ষ্যমাত্রা অর্জনে পিছিয়ে আছে তাদেরকে লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতার জন্য ব্যাখ্যা দিতে হবে।<br><br>খ) দুর্ঘটনায় আহত শ্রমিকের আইনগত ক্ষতিপূরণ আদায়ের লক্ষ্যমাত্রা এপিএ-তে ৮০% হলেও কার্যালয়সমূহ হতে প্রাপ্ত তথ্যমতে অক্টোবর পর্যন্ত তা ৫৭% অর্জিত হয়েছে। এই হার বৃদ্ধির জন্য কার্যালয়সমূহকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। কার্যালয়ভিত্তিক তথ্য সংযুক্তি আকারে পরবর্তী প্রতিটি সভায় উপস্থাপন করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল)<br><br>২। এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৮। | অভ্যন্তরীণ প্রশিক্ষণ | ক) সভাপতি শুদ্ধাচার, এপিএ, ইনোভেশনসহ অন্যান্য প্রশিক্ষণের ক্ষেত্রে নির্ধারিত প্রশিক্ষণার্থী এবং প্রশিক্ষণ ঘণ্টা (লক্ষ্যমাত্রা অনুযায়ী) | ক) শুদ্ধাচার, এপিএ, ইনোভেশনসহ অন্যান্য প্রশিক্ষণের ক্ষেত্রে নির্ধারিত প্রশিক্ষণার্থী এবং প্রশিক্ষণ ঘণ্টা (লক্ষ্যমাত্রা অনুযায়ী) সকল | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন উপশাখা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | সকল উপমহাপরিদর্শকের কার্যালয় কর্তৃক প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণপূর্বক তা আগামী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) সভাপতি আগামী জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে **"আর্থিক ব্যবস্থাপনা ও অফিস ব্যবস্থাপনা"** বিষয়ক দুইদিন ব্যাপী প্রশিক্ষণ ডাইফের ৫০ (পঞ্চাশ) জন প্রশিক্ষণার্থী নিয়ে ঢাকার বাইরে কোন একটি রিসোর্টে আয়োজনের জন্য উপমহাপরিদর্শক (প্রশাসন শাখা)-কে নির্দেশনা প্রদান করেন। | উপমহাপরিদর্শকের কার্যালয় কর্তৃক প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>খ) উপমহাপরিদর্শক (প্রশাসন শাখা) আগামী জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে **"আর্থিক ব্যবস্থাপনা ও অফিস ব্যবস্থাপনা"** বিষয়ক দুইদিন ব্যাপী প্রশিক্ষণ ডাইফের ৫০ (পঞ্চাশ) জন প্রশিক্ষণার্থী নিয়ে ঢাকার বাইরে কোন একটি রিসোর্টে আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>গ) সকল গাড়ীচালকদের সমন্বয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | ৩।উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৪। SDG বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
| ৯। | বাজেট বরাদ্দ | ক) সভাপতি প্রধান কার্যালয়সহ উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের অনুকূলে বাজেট যথাযথভাবে PPA-২০০৬ এবং PPR-২০০৮ অনুসরণপূর্বক খরচ করার বিষয়ে মহাপরিদর্শক নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) সভাপতি বলেন প্রধান কার্যালয়ের মনিটরিং টিম এবিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে কার্যালয় পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন। | ক) সকল উপমহাপরিদর্শকের কার্যালয়ের অনুকূলে বরাদ্দকৃত বাজেট সরকারি অনুশাসন মোতাবেক খরচ করতে হবে।<br><br>খ) অর্থবিভাগের সর্বশেষ সার্কুলার অনুসরণ করতে হবে।<br><br>গ) প্রধান কার্যালয়ের প্রতিটি মনিটরিং টিম-কে এবিষয়টি নিশ্চিত করার ক্ষেত্রে উপমহাপরিদর্শকের কার্যালয় পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br>২। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা)<br>৩। উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব শাখা)<br>৪। মনিটরিং টিমের সদস্যবৃন্দ<br>৫। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ১০। | Industrial safety unit (ISU) | সভাপতি National Initiative-এর অধীন যেসকল কারখানা আছে প্রটোকল অনুযায়ী সেসকল কারখানাগুলোর সার্বিক তথ্যাদি আগামী সভায় সুনির্দিষ্টভাবে উপস্থাপনের জন্য সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করেন। | National Initiative-এর অধীন যেসকল কারখানা আছে প্রটোকল অনুযায়ী সেসকল কারখানাগুলোর সার্বিক তথ্যাদি আগামী সভায় সুনির্দিষ্টভাবে উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সেইফটি)<br>২। উপমহাপরিশর্ক (আইএসইউ শাখা)<br>৩। সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ |
| ১১ | ইনোভেশন কার্যক্রম | ক) সভাপতি এপিএ, শুদ্ধাচার কাঠামোয় ইনোভেশন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনের সকল প্রমাণক প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) সভাপতি ২০২২-২০২৩ অর্থবছরে ইনোভেশন খাতে উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোকে বাজেট বরাদ্দের | ক) এপিএ, শুদ্ধাচার কাঠামোয় ইনোভেশন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনের সকল প্রমাণক প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে এবং তা সভাকে অবহিত করতে হবে।<br><br>খ) এ সংক্রান্ত একটি প্রশক্ষণের আয়োজন করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>২। প্রধান কার্যালয়ের ইনোভেশন টিম |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | নিমিত্ত কোড প্রাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয়ে প্রেরিত পত্রের অগ্রগতি জানতে চাইলে জনাব ওহিদুর রহমান, শ্রম পরিদর্শক (সাধারণ), অর্থ ও হিসাব শাখা এবং জনাব সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল যথাক্রমে জানান বাজেটের জন্য ০৭ সেপ্টেম্বর, ২০২২ তারিখের অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে তারপরের অগ্রগতি সম্পর্কে তিনি অবগত নন এবং তিনিও পরবর্তী অগ্রগতি সম্পর্কে অবগত নন। | | |
| ১২ | ই-ফাইলিং | অধিদপ্তরের সকল কার্যক্রম শতভাগ ই-ফাইলের মাধ্যমে সম্পন্ন করার জন্য সকল উপমহাপরিদর্শকের কার্যালয় ও প্রধান কার্যালয়কে উদ্যোগ গ্রহণ করার জন্য মহাপরিদর্শক নির্দেশনা প্রদান করেন। | সকল দাপ্তরিক কার্যক্রম শতভাগ ই-ফাইলের মাধ্যমে করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ১৩ | নিজস্ব অফিস ভবন নির্মাণ | সভাপতি প্রধান কার্যালয়সহ ০৯টি উপমহাপরিদর্শকের কার্যালয় নির্মাণের প্রকল্প বিষয়ে আগামী সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | প্রধান কার্যালয়সহ ০৯টি উপমহাপরিদর্শকের কার্যালয় নির্মাণের প্রকল্প বিষয়ে আগামী সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>২। উপমহাপরিদর্শক (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ১৪ | SDG বিষয়ক কার্যক্রম | সভাপতি SDG বাস্তবায়নে সংশ্লিষ্ট টিমের কার্যক্রম চলমান রাখার এবং প্রতি মাসের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | SDG বাস্তবায়নে সংশ্লিষ্ট টিমের কার্যক্রম চলমান থাকবে এবং অগ্রগতি পরবর্তি সভায় উপস্থাপন করতে হবে। | ১) উপমহাপরিদর্শক (সাধারোন শাখা) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা (SDG)<br><br>২) উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৩। জনাব মনোয়ার হোসেন, বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ১৫ | পরিবহন ব্যয় ও জ্বালানির ব্যবহার | সভাপতি জ্বালানি ব্যবহারের ক্ষেত্রে বিধি মোতাবেক প্রাপ্যতা অনুসারে খরচ করতে অনুরোধ করেন। উপমহাপরিদর্শকগণ স্ব-স্ব কার্যালয়ে বরাদ্দকৃত মোটরসাইকেল/স্কুটি সচল রাখবেন এবং যানবাহনের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করবেন। এছাড়াও কোন মটর সাইকেল/স্কুটি অব্যবহৃত রাখা যাবে না মর্মে মতামত ব্যক্ত করা হয়।<br><br>খ) প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রদানকৃত নির্দেশনা অনুযায়ী বিদ্যুৎ ও | ক) সরকারি অর্থ, পিপিএ এবং পিপিআর ও আর্থিক নিয়মাচার অনুযায়ী সর্বোচ্চ স্বচ্ছতার সাথে ব্যয় নিশ্চিত করতে হবে।<br><br>খ) প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রদানকৃত নির্দেশনা অনুযায়ী বিদ্যুৎ ও জ্বালানী ব্যয় | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব শাখা)<br><br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | জ্বালানী ব্যয় নিশ্চিত করতে হবে। | সাশ্রয় নিশ্চিত করতে হবে। | |
| ১৬ | শ্রম অসন্তোষ | সভাপতি বলেন, শ্রম অসন্তোষ নিরসনে ক্রাইসিস ম্যানেজমেন্ট সংক্রান্ত একটি কমিটি অতিরিক্ত মহাপরিদর্শকের সভাপতিত্বে গঠন করা হয়েছে। সভায় উপস্থিত সকলে অভিমত ব্যক্ত করেন যে, ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটিতে শ্রম অধিদপ্তরের প্রতিনিধি থাকা প্রয়োজন। সভাপতি বলেন, শ্রম অধিদপ্তরের প্রতিনিধি মনোনয়েনের জন্য শ্রম অধিদপ্তরের মহাপরিচালক বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে।<br><br>সভাপতি মহাপরিদর্শকের নেতৃত্বে কোন কমিটি হলে সেক্ষেত্রে মহাপরিচালক-কে প্রতিনিধি মনোনয়ন প্রদানের অনুরোধ করার প্রস্তাব রাখলে সকলে একমত পোষণ করেন। | ক) ক্রাইসিস ম্যানেজমেন্ট কমিটিতে শ্রম অধিদপ্তরের প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে। সেক্ষেত্রে শ্রম অধিদপ্তরের প্রতিনিধি মনোনয়েনের জন্য শ্রম অধিদপ্তরের মহাপরিচালক বরাবর পত্র প্রেরণ করতে হবে।<br><br>খ) মহাপরিদর্শকের নেতৃত্বে কোন কমিটি হলে সেক্ষেত্রে মহাপরিচালক-কে প্রতিনিধি মনোনয়ন প্রদানের অনুরোধ করা হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ অধিশাখা)<br>২। উপমহাপরিদর্শক (সাধারণ শাখা),<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ১৭ | পরিদর্শন সংক্রান্ত | সভাপতি নিয়মিত ফলপ্রসু পরিদর্শন কার্যক্রম জোরদার করার জন্য সকল উপমহাপরিদর্শকগণকে অনুরোধ করেন। তিনি আরও বলেন যে, উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোর অধিক্ষেত্রাধীন সকল কলকারখানা প্রমাপ অনুযায়ী পরিদর্শনের আওতায় আনতে হবে। কোন কারখানা পরিদর্শনের বাইরে রাখা যাবে না; এ বিষয়টি নিশ্চিত করতে হবে এবং চেকলিস্ট অনুযায়ী পরিদর্শন করতে হবে। প্রতি কারখানা/প্রতিষ্ঠানের জন্য পৃথক পৃথক নথি খুলতে হবে। প্রতি কারখানা/প্রতিষ্ঠানের জন্য আবেদন, ট্রেজারি ইত্যাদির নথি আলাদা আলাদাভাবে সংরক্ষণ করতে হবে। প্রধান কার্যালয়ের মনিটরিং টিম এ বিষয়গুলো পর্যবেক্ষণপূর্বক প্রতিবেদনে উল্লেখ করবেন। | (ক) উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোর অধিক্ষেত্রাধীন সকল শিল্প কলকারখানা, প্রতিষ্ঠান পরিদর্শনের আওতায় আনতে হবে।<br><br>(খ) প্রমাপ অনুযায়ী পরিদর্শনের তথ্য প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং সাধারণ শাখা তা নিশ্চিত করবেন।<br><br>(গ) মনিটরিং টিম কর্তৃক কারখানা/প্রতিষ্ঠানের নথি পরিবীক্ষণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২। উপমহাপরিদর্শক (সাধারণ)<br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>৪। মনিটরিং টিম |
| ১৮ | অভিযোগ নিষ্পত্তি | উপমহাপরিদর্শক (সাধারণ) সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে সেপ্টেম্বর, ২০২২ মাসে অভিযোগ নিষ্পত্তির হার ৮৫.৮১% এবং জুলাই, ২০২২ হতে সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত অভিযোগ নিষ্পত্তির হার ৯৪.১৩% অর্জিত হয়েছে। প্রতি মাসে অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন ২৩টি | (ক) অভিযোগ নিষ্পত্তির হার ১০০% অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন প্রেরণ অব্যাহত থাকবে।<br><br>(গ) পরবর্তি সভায় জেলাভিত্তিক অভিযোগ নিষ্পত্তির তথ্য ছক আকারে | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br>২।উপমহাপরিদর্শক (সকল জেলা) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | উপমহাপরিদর্শকের কার্যালয় হতে সংগ্রহ করা হয় এবং সংগৃহীত প্রতিবেদন সমন্বয় করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। | উপস্থাপন করতে হবে। | |
| ১৯ | শুদ্ধাচার | ক) শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন কাঠামো অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কাঠামোর অন্তর্ভুক্ত সকল সূচকে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করার নির্দেশনা প্রদান করেন এবং যথাসময়ে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) সভাপতি নতুন উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহের শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণপূর্বক অফিস আদেশ জারি করার নির্দেশনা প্রদান করেন। | ক) ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কাঠামোর অন্তর্ভুক্ত সকল সূচকে প্রমাণকসহ শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে এবং যথাসময়ে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br><br>খ) নতুন উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহে শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণপূর্বক অফিস আদেশ জারি করে প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (স্বাস্থ্য)<br><br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২০ | কোভিড-১৯ | কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন ও পরিদর্শন অব্যাহত রাখতে হবে মর্মে সকলে মতামত ব্যক্ত করেন। | কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্য প্রটোকলসহ সকল স্বাস্থ্য বিধি প্রতিপালন নিশ্চিত করতে হবে। | উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২১ | ডাইফের আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন (১ম সংশোধিত) প্রকল্প | সভাপতি ডাইফের আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্পের সার্বিক অবস্থা স্ব স্ব উপমহাপরিদর্শকগণকে উপস্থাপন করতে বলেন-<br>উপমহাপরিদর্শক নরসিংদী বলেন, জেলা প্রশাসকের কার্যালয়ের এলএ শাখা থেকে ইউএনও কার্যালয়ে পত্র প্রেরণ করা হলে ইউএনও এবং এসি ল্যান্ডসহ গত ১৫-১১-২০২২ তারিখে সরেজমিনে ৩টি স্থান পরিদর্শন করা হয়। ইউএনও অফিস থেকে এখনও এলএ শাখায় প্রস্তাব প্রেরণ করা হয়নি। ইউএনও অফিসে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>উপমহাপরিদর্শক দিনাজপুর বলেন, দিনাজপুর অফিসের জন্য নির্ধারিত ৩৩ শতাংশ জমি অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ইউএনও এবং PWD এর প্রকৌশলীসহ পরিদর্শন করেন। এর পরেই জমির মালিক জেলা প্রশাসক মহোদয় এবং তাকে জানান যে, মালিকেরা মুক্তিযোদ্ধা পরিবারের সন্তান তাদের আরও কিছু জমি | দ্রুততম সময়ের মধ্যে প্রযোজ্য ক্ষেত্রে জমিগুলোর অধিগ্রহণ সম্পন্ন করতে হবে। পরবর্তি সভায় প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। | ১। প্রকল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্প<br><br>২। সংশ্লিষ্ট উপমহাপরিদর্শকগণ |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | সরকার ইতোঃপূর্বে অধিগ্রহণ করেছে। এটিই তাদের সর্বশেষ জমি তাই যেন এটি অধিগ্রহণ করা না হয়। তিনি এ বিষয়ে জেলা প্রশাসক (রাজস্ব) মহোদয়ের সাথে কথা বললে তিনি জানান মুক্তিযোদ্ধা পরিবারের এ জমি তাঁরা অধিগ্রহণ করতে ইচ্ছুক নন। তিনি বিকল্প জমি খোঁজ করতে পরামর্শ দিয়েছেন।<br><br>উপমহাপরিদর্শক কিশরগঞ্জ বলেন, ভূমি অধিগ্রহণের নিমিত্ত প্রস্তাবিত ভূমি গত ২৬-০৯-২০২২ খ্রিঃ তারিখে এডিসি রেভিনিউ, ইএনও, ভূমি অধিগ্রহন কর্মকর্তা সমন্বয়ে সম্ভাব্যতা যাচাইয়ের নিমিত্ত পরিদর্শন করা হয়েছে। এর প্রেক্ষিতে গত ১৬-১১-২০২২ খ্রিঃ তারিখে অত্র কার্যালয়ের ভূমি অধিগ্রহণের বিষয়ে জেলা প্রশাসক, কিশোরগঞ্জ মহোদয়ের সভাপতিত্বে স্থান নির্বাচন কমিটির সভা হওয়ার কথা ছিল। অনিবার্য কারণে উক্ত সভাটি অনুষ্ঠিত হয়নি। জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে যোগাযোগ রক্ষা করা হচ্ছে।<br><br>উপমহাপরিদর্শক রাজশাহী বলেন, সচিব মহোদয় প্রকল্প এলাকা পরিদর্শন করে স্থান নির্বাচনের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। প্রকল্পের কাজ শুরু হলে সার্বক্ষণিক তদারকির নির্দেশনা প্রদান করেন।<br><br>উপমহাপরিদর্শক মুন্সিগঞ্জ বলেন, ডিসি অফিসের টিম কর্তৃক সম্ভাব্যতা যাচাই হয়েছে এবং ১৬ ডিসেম্বর এর পর যেকোন দিন স্থান নির্বাচন কমিটি ও ভূমি বরাদ্দ কমিটির সভা অনুষ্ঠিত হবে।<br><br>উপমহাপরিদর্শক পাবনা এবং যশোর বলেন, জমি অধিগ্রহণের জন্য ৪ ধারায় জমির মালিককে নোটিশ প্রদান করা হয়েছে।<br><br>উপমহাপরিদর্শক সিরাজগঞ্জ বলেন, | | |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | জমি সংক্রান্ত একটি মামলা রয়েছে। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মহোদয় পিপি-কে মামলার বিষয়ে অগ্রগতি জানাতে বললে তিনি জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রতিবেদন দাখিল করেছেন। এবিষয়ে জেলা প্রসাশক মহোদয়ের মতামত এখনও পাওয়া যায়নি।<br><br>উপমহাপরিদর্শক বরিশাল বলেন, অগভীর নলকূপটি ৩০০-৪০০ ফুট গভীরে করায় লবণাক্ত ও আয়রন তা ব্যবহারের অযোগ্য। ১২০০ ফুট গভীরে স্থাপন করতে হবে। লিফট স্থাপনের কাজ চলছে, এখনও সম্পন্ন হয়নি। স্যানিটারির কাজ এখনও বাকি আছে। | | |
| ২২ | "NOSHTRI" স্থাপন প্রকল্প | সভাপতি পরবর্তী সভায় প্রকল্পের অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | প্রকল্প পরিচালক পরবর্তী সভায় প্রকল্পের অগ্রগতি উপস্থাপন করেন। প্রকল্পের সুষ্ঠ তদারকি নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক,<br>"NOSHTRI" স্থাপন প্রকল্প |
| ২৩ | আহত/নিহত শ্রমিকের অনুদান প্রাপ্তি | ক) পুরানা ঢাকায় কেমিক্যাল কারখানায় নিহত ০৫ (পাঁচ) জন শ্রমিক, বগুড়ায় নিহত ০৫ (পাঁচ) জন শ্রমিকের অনুদান প্রাপ্তির আবেদনের অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>খ) সভাপতি চট্টগ্রামের বি.এম কন্টেইনারে অগ্নিকান্ডের আহত/নিহত শ্রমিকের হালনাগাদ অগ্রগতি উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন। | ক) আহত/নিহত শ্রমিকের অনুদান প্রাপ্তির হালনাগাদ তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>খ) চট্টগ্রামের বি.এম কন্টেইনারে অগ্নিকান্ডের আহত/নিহত শ্রমিকের সংখ্যাগত তথ্য এবং অনুদানের প্রাপ্তির অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। উপমহাপরিদর্শক (সাধারণ)<br><br>৩। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২৪ | আউটসোর্সিং লাইসেন্স নবায়ন প্রতিবেদন | উপমহাপরিদর্শক (সাধারণ) বলেন, ঠিকাদার সংস্থার লাইসেন্স প্রদানের ক্ষেত্রে চেকলিষ্ট প্রণয়ন সংক্রান্ত কমিটি গঠন সংক্রান্ত অফিস আদেশ জারী করা হয়েছে এবং লাইসেন্স নবায়ন সংক্রান্ত চেকলিষ্টের একটি খসড়া চূড়ান্ত করা হয়েছে মর্মে জানালে সভাপতি চেকলিস্টিটি চূড়ান্ত করার নির্দেশনা প্রদান করেন। | ঠিকাদার সংস্থার লাইসেন্স প্রদান ও নবায়নের চেকলিষ্ট চূড়ান্ত করতে হবে এবং আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। উপমহাপরিদর্শক (সাধারণ) |
| ২৫ | শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে জমাকৃত অর্থ | ক) নিয়মিত পরিদর্শনকালে পরিদর্শকগণ অবশ্যই প্রযোজ্য ক্ষেত্রে কলকারখানা/প্রতিষ্ঠান কর্তৃক আইন ও বিধি মোতাবেক শ্রমিক কল্যাণ | ক) নিয়মিত পরিদর্শনকালে পরিদর্শকগণ অবশ্যই প্রযোজ্য ক্ষেত্রে কলকারখানা/প্রতিষ্ঠান কর্তৃক আইন ও বিধি মোতাবেক শ্রমিক কল্যাণ | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। উপমহাপরিদর্শক |

চলমান পাতা- ১১

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | ফাউন্ডেশনে অর্থ জমাদানের বিষয়টি নিশ্চিত প্রয়োজন।<br><br>খ) এক্সেল শীটে জমাকৃত টাকার পরিমাণ সংরক্ষণ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>সায়মা ম্যাডাম দায়িত্ব নিবেন। | ফাউন্ডেশনে অর্থ জমাদানের বিষয়টি নিশ্চিত করবেন।<br><br>খ) এক্সেল শীটে জমাকৃত টাকার পরিমাণ সংরক্ষণ করতে হবে। | (সকল জেলা) |
| ২৬ | প্রতিটি কারখানার জন্য পৃথক নথি সংরক্ষণ | সভাপতি উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোতে প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের জন্য পৃথক নথি সংরক্ষণ করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং কোন কার্যালয় কয়টি নথি ই-নথিতে অন্তর্ভুক্ত করেছেন তা আগামী সভায় উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন এবং মনিটরিং টিম-কে বিষয়টি পরিদর্শকালে পরীবিক্ষণ করার নির্দেশনা প্রদান করেন। | উপমহাপরিদর্শকের কার্যালয়ে প্রতিটি কারখানা/ প্রতিষ্ঠানের জন্য পৃথক নথি সংরক্ষণ করতে হবে। প্রধান কার্যালয়ের মনিটরিং টিম বিষয়টি পর্যবেক্ষণ করবেন। কোন কার্যালয় কয়টি নথি ই-নথিতে অন্তর্ভুক্ত করেছেন তা আগামী সভায় কার্যালয় ভিত্তিক উপস্থাপন করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা)<br>২। উপমহাপরিদর্শক (মনিটরিং ও মূল্যায়ন শাখা) |
| ২৭ | প্রতিটি কারখানার পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ | মহাপরিদর্শক বলেন, নিয়মিত পরিদর্শন কার্যক্রম আরও কার্যকর করার নিমিত্ত প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের পরিদর্শন রেজিস্টার উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোতে সংরক্ষণ করার কথা থাকলেও এটি হচ্ছে না। যা দুঃখজনক। সামনে যেন ঠিক করা হয় সে ব্যাপারে সতর্ক হবার নির্দেশনা প্রদান করেন। | নিয়মিত পরিদর্শন কার্যক্রম আরও কার্যকর করার নিমিত্ত প্রতিটি কারখানা/প্রতিষ্ঠানের পরিদর্শন রেজিস্টার উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোতে সংরক্ষণ করতে হবে। | ১। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২৮ | ইপিজেড এবং এসইপিজেড পরিদর্শন | ইপিজেড এবং এসইপিজেড-এর কারখানাসমূহ বিধি মোতাবেক পরিদর্শন করার জন্য মহাপরিদর্শক মহোদয় সকল উপমহাপরিদর্শক কার্যালয়ের উপমহাপরিদর্শকগণকে নির্দেশনা প্রদান করেন। | ইপিজেড এবং এসইপিজেড- এর কারখানাসমূহ বিধি মোতাবেক পরিদর্শন করতে হবে এবং উপমহাপরিদর্শক কার্যালয় ভিত্তিক পরিদর্শনের তথ্য পরবর্তি সভার পূর্বে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ)<br><br>২। উপমহাপরিদর্শক (সকল জেলা) |
| ২৯ | টাস্কফোর্সের কার্যক্রম পরিচালনা | সভাপতি টাস্কফোর্সের কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যাওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। | বিভিন্ন ক্যাটাগরীতে (ফায়ার, ইলেক্ট্রিক্যাল, স্ট্রাকচারাল) টাস্কফোর্সের-এর অধীনে উপমহাপরিদর্শকের কার্যালয় ভিত্তিক কারখানার সংখ্যা এবং তন্মধ্যে কতটি কারখানার কার্যক্রম নিষ্পন্ন/অনিষ্পন্ন রয়েছে, তা আগামী সভায় উপস্থাপন করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (সেইফটি)<br><br>০২। টাস্কফোর্সে নিয়োজিত প্রকৌশলী (সকল) |
| ৩০ | মনিটরিং টিম-এর কার্যক্রম | (ক) গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী মনিটরিং-এর কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(খ) মনিটরিং কার্যক্রমের অগ্রগতি পরবর্তি সভায় উপস্থাপন করবেন। | (ক) গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী মনিটরিং-এর কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(খ) মনিটরিং কার্যক্রমের অগ্রগতি পরবর্তি সভায় উপস্থাপন করবেন। | ১। মনিটরিং টিমের সদস্যবৃন্দ |

চলমান পাতা- ১২

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | | |
| ৩১ | বিডার সমন্বিত পরিদর্শন ও পর্যবেক্ষণ কার্যক্রম | সভাপতি দ্বিতীয় পর্যায়ে ১০,০০০টি কারখানা পরিদর্শনের অগ্রগতি আগামী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) সভাপতি প্রধান কার্যালয়ের ০৫ জন যুগ্মমহাপরিদর্শক ৫টি দলে বিভক্ত হয়ে অতিরিক্ত মহাপরিদর্শককের সমন্বয়ে প্রতি সপ্তাহে অন্তত একটি করে মার্কেট পরিদর্শন করার নির্দেশনা প্রদান করেন। | ক) অর্থবিভাগ হতে অদ্যাবধি বাজেট বরাদ্দ পাওয়া যায়নি।<br><br>খ) যুগ্মমহাপরিদর্শক-এর সমন্বয়ে গঠিত টিমকে অগ্রগতি প্রতিটি সভায় উপস্থাপন করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিদর্শক, প্রধান কার্যালয় ও এ লক্ষ্যে গঠিত কমিটির অন্যান্য সদস্যবৃন্দ<br><br>২। যুগ্মমহাপরিদর্শক (সকল) |
| ৩২ | মামলা সংক্রান্ত তথ্য-উপাত্ত | ক) সভাপতি আদালত ভিত্তিক মামলার সংখ্যা অর্থাৎ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর পক্ষে এবং বিপক্ষে শ্রম আদালত ভিত্তিক মামলার সংখ্যা যেমন-শ্রম আপিল ট্র্যাইব্যুনালে কয়টি, হাইকোর্ট বিভাগে কয়টি, লিভ টু আপিল, রিভিউ তে কয়টি মামলা, প্রশাসনিক ট্র্যাইব্যুনাল,আপিলেট ট্র্যাইব্যুনালে কয়টি মামলা আছে এবং তার মধ্যে কনটেম্পট অব কোর্ট মামলা আছে কিনা, তা ছক আকারে সভায় উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) সভাপতি মামলার ডাটাবেজ তৈরির বিষয়ে একটি রূপরেখা আগামী সভার উপস্থাপনের নিমিত্ত আইন কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন।<br><br>গ) যুগ্ম-মহাপরিদর্শন (পরিকল্পনা ও উন্নয়ন অধিশাখা) বলেন, পূর্বে এপিএ-তে মামলা সংক্রান্ত লক্ষ্যমাত্রা থাকায় মামলা হতো কিন্তু এখন লক্ষ্যমাত্রা না থাকায় মামলার সংখ্যা উল্লেখযোগ্য হারে কমে যাচ্ছে। মামলা দায়ের সংক্রান্ত সার্বিক অবস্থা জানার নিমিত্ত ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ হতে প্রতিমাসে মামলার তথ্য (নিষ্পত্তিসহ) প্রধান কার্যালয়ে | ক) আদালত ভিত্তিক মামলার সংখ্যা অর্থাৎ কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এর পক্ষে এবং বিপক্ষে শ্রম আদালত ভিত্তিক মামলার সংখ্যা যেমন-শ্রম আপিল ট্র্যাইব্যুনালে কয়টি, হাইকোর্ট বিভাগে কয়টি, লিভ টু আপিল, রিভিউ তে কয়টি মামলা, প্রশাসনিক ট্র্যাইব্যুনাল,আপিলেট ট্র্যাইব্যুনালে কয়টি মামলা আছে এবং তার মধ্যে কনটেম্পট অব কোর্ট মামলা আছে কিনা, তা ছক আকারে সভায় উপস্থাপন করতে হবে।<br><br>খ) আইন কর্মকর্তাকে মামলার ডাটাবেজ তৈরির বিষয়ে একটি রূপরেখা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>গ) ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ হতে প্রতিমাসে মামলার তথ্য (নিষ্পত্তিসহ) প্রধান কার্যালয়ে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br><br>২। যুগ্মমহাপরিদর্শক (সাধারণ অধিশাখা)<br><br>২। জনাব মোঃ মাছুম বিল্লাহ, আইন কর্মকর্তা<br><br>৩। জনাব মো: আব্দুল আউয়াল, সহকারী মহাপরিদর্শক (সেইফটি) |

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | প্রেরণের করা প্রয়োজন। | | |
| ৩৩ | অডিট আপত্তি | ক) সভাপতি অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যাপারে সর্বোচ্চ গুরুত্বারোপ করেন।<br><br>খ) সভাপতি আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে অগ্রীম অর্থ উত্তোলনকারী জীবিত/মৃত কর্মকর্তা/কর্মচারির ক্ষেত্রে প্রযোজ্য ক্ষেত্রে প্রচলিত নিয়ম ও বিধি পালনপূর্বক প্রয়োজনে সরকারি দাবি আদায় আইনের আওতায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে মামলা করার নির্দেশনা প্রদান করেন। | ক) অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br><br>খ) আপত্তি নিষ্পত্তির ক্ষেত্রে প্রচলিত নিয়ম ও বিধি পালনপূর্বক প্রয়োজনে সরকারি দাবি আদায় আইনের আওতায় বিধিগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। যুগ্মমহাপরিদর্শক (অর্থ ও পরিকল্পনা অধিশাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (অর্থ ও হিসাব উপশাখা) |
| ৩৪ | ডাইফের অফিসিয়াল ওয়েবসাইট আপডেট | ডাইফের অফিসিয়াল ওয়েবসাইট আপডেট করা প্রয়োজন। | প্রধান কার্যালয়ের ওয়েবসাইট নিয়মিত আপডেট করতে হবে। | আইসিটি সেল, ডাইফ |
| ৩৫ | বিবিধ | ক) উপমহাপরিদর্শক, রাঙামাটি বাড়িভাড়া, মোটরবাইক, যানবাহন ভাড়া, প্রজেক্টোর এবং স্টাফ পদায়নের বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করলে সভাপতি রাঙামাটিসহ নতুন ৮টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের বাড়িভাড়া বিষয়ক অগ্রগতি আগামী সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন এবং প্রধান কার্যালয়ে অব্যবহৃত মোটরবাইক থাকলে বিধিমতে তা সংশ্লিষ্ট কার্যালয়সমূহে বন্টনের জন্য উপমহাপরিদর্শক (প্রশাসন শাখা)-কে নির্দেশনা প্রদান করেন। একইসাথে অন্যান্য কার্যালয়ে যদি অব্যবহৃত মোটরবাইক থাকে তার তালিকা করে যেসকল কার্যালয়ে প্রয়োজন সেখানে বিধিমতে হস্তান্তরের নির্দেশনা প্রদান করেন।<br><br>খ) সভাপতি যানবাহন ভাড়ার (মাইক্রোবাস) ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয় হতে সংশ্লিষ্ট কোড খোলার পর সংশ্লিষ্ট কোডে বাজেট পাওয়া যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি বলেন, এলক্ষ্যে কাজ চলছে এবং আশা করা যায় আগামী সভার পূর্বেই ইতিবাচক ফলাফল পাওয়া যাবে। | ক) আগামী সভার পূর্বেই উপমহাপরিদর্শক (প্রশাসন শাখা) নতুন ৮টি কার্যালয়ের বাড়িভাড়া বিষয়ক কার্যক্রম সমাপ্ত করবেন।<br><br>খ) উপমহাপরিদর্শক (প্রশাসন শাখা) প্রধান কার্যালয়ে অব্যবহৃত মোটরবাইক থাকলে বিধিমতে তা সংশ্লিষ্ট কার্যালয়সমূহে বণ্টনের ব্যবস্থা গ্রহণ করবেন। একইসাথে অন্যান্য কার্যালয়ে যদি অব্যবহৃত মোটরবাইক থাকে তার তালিকা করে যেসকল কার্যালয়ে প্রয়োজন সেখানে বিধিমতে হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>গ) উপমহাপরিদর্শক (প্রশাসন শাখা) চলতি অর্থবছরের বাজেট হতে বিধিমতে প্রজেক্টর ক্রয়পূর্বক তা ৮টি নতুন কার্যালয়ে বণ্টনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন। | ১। যুগ্মমহাপরিদর্শক (প্রশাসন অধিশাখা)<br><br>২। উপমহাপরিদর্শক (প্রশাসন শাখা) |

চলমান পাতা- ১৪

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | গ) সভাপতি চলতি অর্থবছরের বাজেট হতে বিধিমতে প্রজেক্টর ক্রয়পূর্বক তা নতুন কার্যালয়ে বণ্টনের জন্য উপমহাপরিদর্শক (প্রশাসন শাখা)-কে নির্দেশনা প্রদান করেন। <br> ঘ) সভাপতি বলেন, এ মুহূর্তে জনবলের সংকট রয়েছে। তবে সামনে যে নিয়োগ প্রক্রিয়া শুরু হতে যাচ্ছে সেখান থেকে স্টাফ পদায়ন করা যাবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। | | |

২। সকলের সুস্থতা কামনা করে পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ নাসির উদ্দিন আহমেদ)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-২২৬৬৬৪২০২
ig@dife.gov.bd

স্মারক নং: ৪০.০১.০০০০.১০১.০৬.০০২.২১- তারিখ: ১৫ ডিসেম্বর ২০২২

**বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১। অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব), প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪-৬। প্রকল্প পরিচালক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠআন পরিদর্শন অধিদপ্তর

৭। জনাব সুকান্ত বসাক, সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় **(পরবর্তি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো)**

৮-১২। যুগ্ম-মহাপরিদর্শক (সকল) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

১৩-২১। উপমহাপরিদর্শক (সকল) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা

চলমান পাতা- ১৫

৫৫। আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৫৬। তথ্য ও গণসংযোগ কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৫৭। পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৫৮-৫৯। সহকারী মহাপরিদর্শক (সেইফটি)/শ্রম পরিদর্শক (সেইফটি), (ফায়ার/ইলেক্ট্রিক্যাল/স্ট্রাকচারাল) টাস্কফোর্স কমিটি, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

৬০। LIMA সাপোর্ট টিম, প্রধান কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা

৬১। জনাব সাব্বির আনোয়ার, শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৬২। অফিস কপি।

১৫।১২।২০২২

(মোঃ মোর্তজা মোর্শেদ)
উপমহাপরিদর্শক
(প্রশাসন শাখা)